

'Establishment of Effective Tobacco Control Program in Bangladesh (2nd phase)' প্রকল্পের আওতায় খুলনা জেলায় কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ বিষয়ে অনুষ্ঠিত সভার রিপোর্ট

স্থানঃ জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা তারিখ ও সময়ঃ ০২/০৫/২০১৯, সকাল ১০.৩০মিনিট

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের (এনটিসিসি-র) সার্বিক তত্ত্বাবধানে জেলা ও উপজেলা পর্যায়ে ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) আইন, ২০০৫ (২০১৩ সালের সংশোধিত) এবং ধূমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার (নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের লক্ষ্যে সারা দেশে তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে গঠিত জেলা/উপজেলা টাস্কফোর্স কমিটি ও কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তারা কাজ করে যাচ্ছেন। এলক্ষ্যে, এনটিসিসি তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্মরত কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও জেলা/ উপজেলা টাস্কফোর্স কমিটির সদস্যদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে গত ০২/০৫/২০১৯ তারিখে খুলনা জেলায় “ তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা ও টাস্কফোর্স কমিটির সদস্যদের তামাক নিয়ন্ত্রণ আইন অবহিতকরণ সভা ” শীর্ষক একটি সভার আয়োজন করে।



আলোচ্য সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোহাম্মদ হেলাল হোসেন, জেলা প্রশাসক, খুলনা; প্রধান অতিথি হিসেবে ছিলেন জনাব মোঃ খায়রুল আলম সেখ, যুগ্মসচিব ও সমন্বয়কারী, এনটিসিসি; এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডা . রাশেদা সুলতানা, বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), খুলনা; ডা. এ এস এম আঃ রাজ্জাক, সিভিল সার্জন, খুলনা; জনাব এ এন এম ওয়াসিম ফিরোজ, অতিঃ পুলিশ সুপার, খুলনা; জনাব মোঃ ইউসুপ আলী, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা।

এছাড়াও আলোচ্য সভায় খুলনা জেলা টাস্কফোর্স কমিটির সম্মানিত সদস্যবৃন্দ এবং খুলনার বিভিন্ন উপজেলা থেকে আগত উপজেলা নির্বাহী কর্মকর্তা, সহকারী কমিশনার (ভূমি), উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও স্যানিটারি ইনস্পেক্টরগণ উপস্থিত ছিলেন।



সভায় তামাক নিয়ন্ত্রণ কেন জরুরি, তামাকের ক্ষতিকারক প্রভাব, তামাক নিয়ন্ত্রণে বৈশ্বিক পদক্ষেপ (FCTC, MPOWER policy), বাংলাদেশে তামাকজাত দ্রব্যের ব্যবহার ও এর ভয়াবহতা, বাংলাদেশে তামাক নিয়ন্ত্রণে এপর্যন্ত গৃহীত পদক্ষেপ, বাংলাদেশের তামাক নিয়ন্ত্রণ আইন ও বিধিমালার গুরুত্বপূর্ণ ধারা, শাস্তি ও বিধি-বিধান এবং জেলা ও উপজেলা টাস্কফোর্স কমিটির

সদস্যদের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য এবং সেইসাথে কর্তৃত্বপ্রাপ্ত কর্মকর্তা দের কার্যক্রম, দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে বিস্তারিত পাওয়ারপয়েন্ট উপস্থাপনা করেন এনটিসিসির প্রোগ্রাম অফিসার জনাব আমিনুল ইসলাম সুজন।



মূল প্রবন্ধ উপস্থাপন শেষে মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়, যেখানে সভায় উপস্থিত অংশগ্রহণকারীগণ তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের বিভিন্ন জিজ্ঞাসা, নিজস্ব অভিজ্ঞতা ও মতামত ব্যক্ত করেন। এনটিসিসির সমন্বয়কারী ও প্রোগ্রাম অফিসারগণ সেসকল প্রশ্নের উত্তর এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের করণীয় সম্পর্কে বিভিন্ন দিক-নির্দেশনা দেন।



অতঃপর, প্যানেল আলোচনায় খুলনার বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), সিভিল সার্জন, অতিঃ পুলিশ সুপার এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট তামাক নিয়ন্ত্রণ আইন বাস্তবায়নে তাঁদের নিজ নিজ দৃঢ় অবস্থানের কথা ব্যক্ত করেন এবং তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সভায় উপস্থিত তাঁদের অধিনস্ত কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।



তামাক নিয়ন্ত্রণ আইনের কার্যকরী বাস্তবায়নের লক্ষ্যে সর্বাঙ্গিক সহযোগিতা প্রদানের আশা ব্যক্ত করেন। সবশেষে, তিনি মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী ২০৪০ সালের মধ্যে বাংলাদেশ থেকে তামাক নির্মূলের লক্ষ্যে সভায় উপস্থিত সকলকে ঐক্যবদ্ধভাবে তামাক নিয়ন্ত্রণে কাজ করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

পরিশেষে, সভার প্রধান অতিথি ও জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের সমন্বয়কারী জনাব মোঃ খায়রুল আলম সেখ, উপস্থিত সবাইকে তামাক নিয়ন্ত্রণ আইন ও বিধির কার্যকরী বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, টাস্কফোর্স কমিটির সদস্যদের নিজস্ব ও আওতাধীন সকল প্রতিষ্ঠান আইন অনুসারে ধূমপানমুক্ত করার ব্যবস্থা নিশ্চিতকরণ, নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা, টাস্কফোর্স কমিটির সভা আয়োজন ও তার রিপোর্ট এনটিসিসিতে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানান এবং জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেলের পক্ষ থেকে খুলনা জেলায়



প্রতিবেদক:

ডা. মোঃ ফরহাদুর রেজা

প্রোগ্রাম অফিসার

জাতীয় তামাক নিয়ন্ত্রণ সেল
